গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
কৃষি অর্থনীতি গবেষণা (এইআর) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং কৃষি/এইআর/৫৯৯/২০০৯/৭৭৫ তারিখঃ ১৪ সেপ্টেম্বর ২০০৯

বিষয়ঃ **সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা - ২০০৯ এর ব্যাখ্যা/সংযোজনী/সংশোধনী**

সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ বিগত ২/০৮/২০০৯ তারিখে জারী হয়। নীতিমালাটি আগামী ১ অক্টোবর'০৯ থেকে কার্যকর হবে। বিভিন্ন জেলা ও উপজেলা থেকে নীতিমালাটি সর্ম্পকে কতিপয় জিজ্ঞাসা/পরামর্শ টেলিফোনে পাওয়া যায়। প্রাপ্ত জিজ্ঞাসা/পরামর্শের বিপরীতে ব্যাখ্যা/সংযোজনী/সংশোধনী নিম্নে আদিষ্ট হয়ে প্রদান করা হলোঃ-

জিজ্ঞাসা/পরামর্শ	ব্যাখ্যা/ সংযোজনী /সংশোধনী
১	২
(১) পুরাতন ডিলারদের বাতিল করে প্রতি ইউনিয়নে নতুন ডিলার নিয়োগ করা যাবে কিনা।	**ব্যাখ্যাঃ** সাধারণভাবে ১টি ইউনিয়নে ১জন ডিলার নিয়োজিত থাকবে। প্রথমত, সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর আলোকে বিদ্যমান সার ডিলারদের ডিলারশীপ নবায়ন ও সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করা হবে (অনুচ্ছেদ ১৫.২) । পুরাতন ডিলারদের ইউনিয়নে সমন্বয়ে পরও যদি কোন ইউনিয়ন শূন্য থাকে সে ক্ষেত্রে নতুন ডিলার নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হবে (অনুচ্ছেদ ১৫.২.৯) এবং নতুন নিয়োগের ক্ষেত্রে শূন্য ইউনিয়নের বিপরীতে ১জন করে ডিলার নিয়োগ করা হবে।
(২) ডিলার কৃষকের নিকট খুচরা সার বিক্রয় করলে ডিলারে খুচরা সার বিক্রয়ের কার্ড গ্রহণ করতে হবে কিনা।	**ব্যাখ্যাঃ** ডিলারও কৃষকের নিকট খুচরা সার বিক্রয়ে বাধ্য থাকবে (অনুচ্ছেদ ১১.৪)। তবে এক্ষেত্রে ডিলারের জন্য খুচরা সার বিক্রয়ের কার্ড সংগ্রহের কোন প্রয়োজনীয়তা নেই।
(৩) অনুচ্ছেদ ১০.৩ এ আইডি কার্ডের জন্য নির্ধারিত ২০০ টাকা সরকারী কোষাগারে জমা প্রদানের কথা উল্লেখ আছে। কোন কোডে উক্ত টাকা জমা দেয়া হবে তা জানানো।	**ব্যাখ্যাঃ** আইডি কার্ডের জন্য নির্ধারিত ফি সরকারী কোষাগারে কৃষি মন্ত্রণালয়ের "বিবিধ রাজস্ব ও প্রাপ্তি" খাতে **১-৪৩০১-০০০১-২৬৮১** কোডে জমা প্রদান করতে হবে । খুচরা সার বিক্রেতা বাছাই কমিটি সুপারিশ ও উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদনের পর শুধুমাত্র চূড়ান্তভাবে নির্বাচিত খুচরা বিক্রেতার থেকে প্রাপ্ত ফি সমূহ সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।
(৪) নীতিমালার ১০.৫ অনুচ্ছেদে "খুচরা সার বিক্রেতা বাছাই কমিটি" ইউনিয়নভিত্তিক করা হয় এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে উক্ত কমিটির সভাপতি করা হয় এবং অন্যান্য সদস্যদের সাথে ইউপি সদস্যদের উক্ত কমিটির সদস্য করা হয়। কিন্তু পৌরসভার ক্ষেত্রে কমিটি কিভাবে গঠিত হবে তা নির্ধারণ করা।	**সংযোজনীঃ** পৌরসভার ক্ষেত্রে 'খুচরা সার বিক্রেতা বাছাই কমিটি'র গঠন সম্পর্কিত নির্দেশনা অন্তর্ভূক্ত করতে ১০.৭ অনুচ্ছেদটি নীতিমালায় নতুন সন্নিবেশিত হবে- ১০.৭ পৌরসভার ক্ষেত্রে **"খুচরা সার বিক্রেতা বাছাই কমিটি"** গঠণ নিম্নরূপ হবেঃ ১. সংশ্লিষ্ট পৌরসভার মেয়র - সভাপতি ২. সংশ্লিষ্ট পৌরসভার কাউন্সিলর ও সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলরগণ - সদস্য ৩. সংশ্লিষ্ট পৌরসভার ২ জন গণ্যমাণ্য ব্যক্তি - সদস্য ৪. সংশ্লিষ্ট পৌরসভার ১জন ইমাম - সদস্য ৫. সংশ্লিষ্ট পৌরসভার অবস্থিত সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ১ জন প্রধান শিক্ষক (যদি মাধ্যমিক বিদ্যালয় না থাকে সেক্ষেত্রে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক) - সদস্য (৩-৫: উপজেলার মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত) ৬. একজন উপ-সহকারী কৃষি কর্মকর্তা (উপজেলা কৃষি অফিসার কর্তৃক মনোনীত) - সদস্য • পৌরসভার সচিব এ কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবেন। • কমিটির কার্যপরিধি ইউনিয়নের 'খুচরা সার বিক্রেতা বাছাই কমিটি'র অনুরূপ হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

জিজ্ঞাসা/পরামর্শ	ব্যাখ্যা/ সংযোজনী /সংশোধনী
১	২
(৫) অনুচ্ছেদ ১১.৩ -"কৃষক ডিলার বা খুচরা বিক্রেতার নিকট থেকে সরাসরি **যে কোন পরিমাণ** সার ক্রয় করতে পারবে" উল্লেখ থাকায় পিক মৌসুমে সার ব্যবস্থাপনায় সমস্যা হতে পারে আশংকায় উক্ত অনুচ্ছেদে 'যে কোন পরিমাণ' এর স্থলে 'প্রয়োজনীয় পরিমাণ' উল্লেখ করা।	**সংশোধনীঃ** অনুচ্ছেদ ১১.৩ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে- "কৃষক ডিলার বা খুচরা বিক্রেতার নিকট থেকে সরাসরি **প্রয়োজনীয় পরিমাণ** সার ক্রয় করতে পারবে"

২৫.০৭.২০০৯

(মোঃ মোশাররফ হোসেন উপ-সচিব)
উপ-প্রধান
ফোনঃ ৭১৬৪২৩২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

(১) সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
(২) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
(৩) চেয়ারম্যান, বিসিআইসি, দিলকুশা বা/এ, ঢাকা
(৪) চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
(৫) বিভাগীয় কমিশনার (সকল) , ...
(৬) মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৭) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ (সকল অঞ্চল), ...
(৮) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), ...
(সংশ্লিষ্ট সকল উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও কাউন্সিলর এবং উপজেলা নির্বাহী অফিসারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
(৯) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ ও সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল), ...
(সকল উপজেলা কৃষি অফিসারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
(১০) চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, আলরাজি কমপ্লেক্স (৬ষ্ঠ তলা), ১৬৬-১৬৭ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণী, পুরানা পল্টন, ঢাকা।
(১১) জাতীয় তথ্য ব্যবস্থাপনা পরামর্শক, আইএসইউ প্রকল্প, কৃষি মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

(১) মাননীয় সংসদ সদস্য (সকল), ..., জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(২) সচিব, স্বরাষ্ট্র/মৎস্য ও পশু সম্পদ/অর্থ/শিক্ষা/প্রাথমিক ও গণশিক্ষা/ধর্ম/স্থানীয় সরকার/পল্লী উন্নয়ন ও সমবায়/বিজ্ঞান ও তথ্য যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৩) ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার, ঢাকা।
(৪) মহাপরিচালক, বাংলাদেশ রাইফেলস্, পিলখানা, ঢাকা।
(৫) মহাপরিচালক, পশু সম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা
(৬) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
(৭) চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, কাওরান বাজার, ঢাকা।
(৮) নিবন্ধক, সমবায় অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
(৯) পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
(১০) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
(১২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১৩) মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা।
(১৪) সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।